দৈনিক
ইত্তেফাক

তারিখ ..20 NOV 2017
পৃষ্ঠা ..১৩ কলাম ..১

# কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে স্নাতক শ্রেণির ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

■ ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ে রবিবার থেকে স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। প্রথম দিনে 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা পরিদর্শন করেন নবাগত ভিসি প্রফেসর ড.এ.এইচ.এম মোস্তাফিজুর রহমান। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ড. হুমায়ুন কবীর, আসন বিন্যাস উপ-কমিটির সভাপতি প্রফেসর ড. সুব্রত কুমার দে, পরীক্ষা নিয়ন্ত্রক নির্মল চন্দ্র সাহা, জনসংযোগ কর্মকর্তা এস.এম হাফিজুর রহমান প্রমুখ।

এ বছর ৯৮০ আসনের বিপরীতে আবেদন পড়েছে ৩৮৫২১টি যা প্রতি আসনে ৪০ জন পরীক্ষার্থী। ১৯ থেকে ২৩ নভেম্বর পর্যন্ত চলবে ভর্তি পরীক্ষা।